

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৪-২০৬

তারিখঃ ০৭.০৪.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ রেবেকা সুলতানা (১২৬০০১), সহকারী সার্জন, তেকানী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জ গত ০১.০১.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ৩০.০৪.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৪-৩৫২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৫.০৮.২০১৪ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করে আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ রেবেকা সুলতানা (১২৬০০১), সহকারী সার্জন, তেকানী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভািতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৪-২০৬/১(২২)

তারিখঃ ০৭.০৪.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। উপ-সচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কালিগঞ্জ, সিরাজগঞ্জ।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ রেবেকা সুলতানা (১২৬০০১), সহকারী সার্জন, তেকানী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কাজিপুর, সিরাজগঞ্জ।

(রেহানা ইয়াছমিন)  
উপ-সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)